গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
কাজিপুর, সিরাজগঞ্জ।
(pio.kazipur.sirajganj.gov.bd)

স্মারক নং-৫১.০১.৮৮৫০.০১৭.১৪.০০২.২৪- ৭১ তারিখ: / /২০২৪ খ্রি:।

বিষয় : ২০২৪-২০২৫ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগক্রান্ত/দু:স্থ/অতিদরিদ্র ব্যক্তি পরিবারের অগ্রাধিকার তালিকা দাখিল প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ভিজিএফ কর্মসুচীর আওতায় বন্যাক্রান্ত/অন্যান্য দুর্যোগক্রান্ত/দু:স্থ/অতিদরিদ্র ব্যক্তি পরিবারের মধ্যে বিনা মূল্যে বিতরণের জন্য কাজিপুর উপজেলায় ১৫৭৪৭টি ও পৌরসভায় ৩০৮১টি মোট: ১৮,৮২৮টি কার্ডে বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত চাল বিতরনের জন্য নিম্নবর্ণিত শর্তাদি সাপেক্ষে আপনার ইউনিয়নের পার্শ্বে উল্লেখিত পরিমাণ কার্ড পুন: বরাদ্দ করা হলো। বরাদ্দকৃত কার্ড ভিজিএফ পরিপত্রের শর্তবলী অনুসরণ পূর্বক ও ওয়ার্ড ভিত্তিক জনসংখ্যার ভিত্তিতে জরুরী ভাবে ইউনিয়ন মানবিক সহায়তা কমিটির সভার কার্যবিবরণীসহ অগ্রাধিকার তালিকা ১০/০৩/২০২৫ তারিখে মধ্যে অত্র কার্যালয় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত কার্ডের পরিমাণ | বিতরনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সোনামুখী | ১৯০০ টি | | ১০/০৩/২০২৫ তারিখে মধ্যে ভিজিএফ তালিকা অত্র কার্যালয় দাখিল করার জন্য অনুরোধ করা হলো। |
| ০২ | চালিতাডাঙ্গা | ১৯০০ টি | | |
| ০৩ | গান্ধাইল | ১৮০০ টি | | |
| ০৪ | শুভগাছা | ৯৭০ টি | | |
| ০৫ | কাজিপুর | ১২৫০ টি | | |
| ০৬ | মাইজবাড়ী | ১৪০০ টি | | |
| ০৭ | খাসরাজবাড়ী | ৮৪০টি | | |
| ০৮ | চরগিরিশ | ১১০৩ টি | | |
| ০৯ | নাটুয়ারপাড়া | ১১৭০ টি | | |
| ১০ | তেকানী | ১০৩৯ টি | | |
| ১১ | নিশ্চিন্তপুর | ১১৫০ টি | | |
| ১২ | মনসুরনগর | ১২২৫ টি | | |
| ১৩ | পৌরসভা | ৩০৮১টি | | |
| | সর্বমোট= | ১৮,৮২৮টি | | |

ভিজিএফ উপকাভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরুপ শর্তাবলী অনুসরণ করতে হবে।

(ক)বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুন:বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd এর ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

(খ) দু:স্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক বন্যাক্রান্ত ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দু:স্থ/অতিদরিদ্রকে আগ্রাধিকার দিতে হবে।

(গ)ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে সংযুক্ত সুত্রোক্ত স্মারক পত্র ও মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নিদের্শিকা ২০১২-২০১৩ অনুসরণ পূর্বক বরাদ্দকৃত চাল আগামী ১৬/০৩/২০২৫খ্রি: তারিখের মধ্যে উত্তোলনসহ বিতরণ নিশ্চিত করে প্রতিবেদন দাখিল করতে হবে।

(ঘ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নিদের্শিকা ২০১২-২০১৩ এর ধারা-৬ অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দু:স্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।

১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
২। যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪। যে পরিবারের উপার্জনক্ষম পূর্নবয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জেনের জন্য কাজ করতে হয়।
৬। যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।
৭। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা।
৮। যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।

৯। যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি।

১০। যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।

১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।

১২। যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু বেলা খাবার পায়না।

১৩) ইউনিয়ন/পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।

১৪) উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।

০৬/৩/২৫

(দেওয়ান আকরামুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।
ফোন: ০৭৫২৫-৫৬১১১
E-mail: unokazipur@mopa.gov.bd

প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/সচিব...................... (সকল)
ইউপি,কাজিপুর, সিরাজগঞ্জ।

তারিখ: / /২০২৪ খ্রি:।

স্মারক নং-৫১.০১.৮৮৫০.০১৭.১৪.০০২.২৪- ৭১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।

২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সিরাজগঞ্জ।

৩। অফিস কপি।

০৬/৩/২৫

(মো: আব্দুর রাজ্জাক)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
কাজিপুর, সিরাজগঞ্জ।